

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.patuakhali.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি


স্মারক নম্বর: ০৫.১০.৭৮০০.০০১.০০.০৩৯.২৩- ৩২

তারিখ : ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪

গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ৭৮ অনুসারে আমি মোঃ নূর কুতুবুল আলম, জেলা প্রশাসক, পটুয়াখালী ও রিটার্নিং কর্মকর্তা, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, পটুয়াখালী জেলার ০৪ (চার) টি নির্বাচনি এলাকায় (১১১ পটুয়াখালী-১, ১১২ পটুয়াখালী-২, ১১৩ পটুয়াখালী-৩ ও ১১৪ পটুয়াখালী-৪) ভোট গ্রহণ শুরুর পূর্ববর্তী ৪৮ ঘন্টা এবং ভোট গ্রহণ সমাপ্তির পরবর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৮:০০টা হতে ০৯ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ০৪:০০টা পর্যন্ত নির্বাচনি এলাকায় যেকোনো ধরনের জনসভা, সমাবেশ, মিছিল ও শোভাযাত্রার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো। উল্লিখিত নির্বাচনি এলাকায় কোনো ব্যক্তি যেকোনো জনসভা আহ্বান, অনুষ্ঠান বা তাতে যোগদান করতে এবং কোনো ব্যক্তি যেকোনো মিছিল বা শোভাযাত্রা সংগঠিত করতে বা তাতে যোগদান করতে পারবেন না।

গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ৭৮(২) এর মর্মানুসারে কোনো ব্যক্তি এ বিধান লঙ্ঘন করলে তিনি অনূন ০২ (দুই) বছর ও অনধিক ০৭ (সাত) বছরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হবেন।


(মোঃ নূর কুতুবুল আলম)
জেলা প্রশাসক


ও
রিটার্নিং কর্মকর্তা
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, পটুয়াখালী
ফোন: ০২৪৭৮৮৮০৫৬৫
ই-মেইল: dcpatuakhalil@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৭৮০০.০০১.০০.০৩৯.২৩- ৩২

তারিখ : ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ৩। পুলিশ সুপার, পটুয়াখালী।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, পটুয়াখালী।
- ৬। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, পটুয়াখালী।
- ৭। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), পটুয়াখালী।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং কর্মকর্তা (সকল), দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, পটুয়াখালী।
- ৯। সিনিয়র জেলা তথ্য কর্মকর্তা, পটুয়াখালী (এ বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১০। উপজেলা নির্বাচন অফিসার (সকল), পটুয়াখালী।
- ১১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পটুয়াখালী (বিজ্ঞপ্তিটি জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ে সকল ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)
- ১২। অফিসার ইনচার্জ, সকল থানা, পটুয়াখালী।


জেলা প্রশাসক

ও
রিটার্নিং কর্মকর্তা
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, পটুয়াখালী